

“ছেলে হোক, মেয়ে হোক,  
দু'টি সন্তানই যথেষ্ট”

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
পরিবার পরিকল্পনা অধিদপ্তর  
উপকরণ ও সরবরাহ ইউনিট  
৬, কাওরান বাজার, ঢাকা।  
[www.dgfp.gov.bd](http://www.dgfp.gov.bd)

স্মারক নং-পপজ/উৎ ও সং -২/জনবল নিয়োগ-২০১৮(পিএসএসএম-এফপি)/ ১৪০১

তারিখ: ২৫ /০৮/২০২২ খ্রি:

### নিয়োগ বিজ্ঞপ্তি

পরিবার পরিকল্পনা অধিদপ্তরাধীন উপকরণ ও সরবরাহ ইউনিটে ৪ৰ্থ স্থায়, জনসংখ্যা ও পুষ্টি কর্মসূচির (এইচপিএনএসপি) আওতায় প্রকিউরেমেন্ট, স্টেরেজ এন্ড সাপ্লাই ম্যানেজমেন্ট (পিএসএসএম-এফপি) অপারেশনাল প্ল্যানের নিম্নবর্ণিত পদে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে অপারেশনাল প্ল্যানের মেয়াদকালীন জনবল নিয়োগের নিমিত্ত বাংলাদেশের স্থায়ী নাগরিকদের নিকট হতে সরকার নির্ধারিত চাকুরির আবেদন ফরমে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে :


পদের নাম ও বেতন (জাতীয় বেতনক্ষেত্র ২০১৫ অনুযায়ী)	গ্রেড	পদের সংখ্যা	বয়স সীমা	শিক্ষাগত যোগ্যতা	অভিজ্ঞতা
সরবরাহ কর্মকর্তা ১৬০০০-৩৮৬৮০/=	১০ম	০৬ (ছয়)	১৮-৩০ বছর	কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে ২য় শ্রেণির স্নাতক ডিগ্রী অথবা সমমানের শিক্ষাগত যোগ্যতা	পণ্যপরিবহন, গুদামজাতকরণ এবং পণ্য ক্লিয়ারিং-এ ০৩ (তিনি) বছরের বাস্তব অভিজ্ঞতা

#### শর্তাবলী:

- ১। আগামী ১৫/০৯/২০২২ খ্রি. তারিখের মধ্যে (ছুটির দিন ব্যতীত) অফিস চলাকালীন পরিচালক (উপকরণ ও সরবরাহ), পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ০৬ কাওরান বাজার, ঢাকা-১২১৫ বরাবর প্রার্থীর আবেদনপত্র পৌছাতে হবে। উক্ত তারিখের পরে ডাকযোগে বা অন্য কোন উপায়ে আবেদনপত্র গ্রহণ করা হবে না।
- ২। অসম্পূর্ণ এবং ত্রুটিপূর্ণ আবেদনপত্র সরাসরি বাতিল বলে গন্য হবে।
- ৩। প্রার্থীর বয়সসীমা ১৫.০৯.২০২২ তারিখে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে হতে হবে। বীর মুক্তিযোদ্ধা, বীর মুক্তিযোদ্ধার/শহীদ বীর মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা এবং শারীরিক প্রতিবন্ধীর ক্ষেত্রে বয়সের উর্ধ্বসীমা ৩২ (বত্রিশ) বছর। বীর মুক্তিযোদ্ধার পুত্র-কন্যাদের (নাতি-নাতনি) বয়সের উর্ধ্বসীমা ৩০ (বত্রিশ) বছর। বয়সের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়।
- ৪। সরকারি/আধাসরকারি প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীকে স্ব/স্ব নিয়োগকারী কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।
- ৫। সরকার নির্ধারিত চাকুরির আবেদন ফরমে আবেদন করতে হবে এবং আবেদনপত্রের খামের উপর পদের নাম উল্লেখ করতে হবে। আবেদনপত্র [www.dgfp.gov.bd](http://www.dgfp.gov.bd) ওয়েবসাইট থেকে সংগ্রহ/ডাউনলোড করা যাবে।
- ৬। আবেদনপত্রের সাথে যেসকল কাগজপত্র দাখিল করতে হবেঃ (ক) সদ্য তোলা ৪ (চার) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি, (খ) শিক্ষাগত যোগ্যতার সকল সনদপত্রের সত্যায়িত ফটোকপি (গ) প্রথম শ্রেণির গেজেটেড অফিসার কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র (ঘ) ইউনিয়ন পরিষদ/পৌরসভা কর্তৃক প্রদত্ত নাগরিক সনদপত্র (ঙ) অভিজ্ঞতা সনদপত্র (চ) জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত কপি (ছ) জন্ম সনদের সত্যায়িত কপি।
- ৭। আবেদন পত্রের সাথে মহাপরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর বরাবর পরীক্ষার ফি বাবদ নিম্নলিখিত কোডে ২০০(দুইশত) টাকা জমার স্বপক্ষে ট্রেজারী চালানের মূলকপি (অফেরতযোগ্য) জমা দিতে হবে।

১ - ২ ৭ ৮ ১ - ০ ০ ০ ০ - ২ ০ ৩ ১

- ৮। প্রার্থীদের পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন যাতায়াত ভাতা দেয়া হবে না।
- ৯। এই নিয়োগের ক্ষেত্রে অনুমোদিত প্রকল্প নিয়োগবিধি এবং সরকারি নিয়োগ সংক্রান্ত প্রচলিত বিধিবিধান যথাযথ ভাবে অনুসরণ করা হবে।
- ১০। এই নিয়োগ সাক্ষ্য বেতনে প্রকল্পের মেয়াদ পর্যন্ত প্রযোজ্য হবে। প্রকল্পের মেয়াদ শেষে পদসমূহ স্বয়ংক্রিয়ভাবে বিলুপ্ত হবে এবং নিয়োগপত্রই অব্যাহতিপত্র হিসাবে গন্য হবে।
- ১১। নিয়োগপ্রাপ্ত হলে প্রার্থীকে বাংলাদেশের যে কোন জেলায় পদায়ন করা হবে।
- ১২। কর্তৃপক্ষ কোন কারণ দর্শনো ব্যতিরেকে এই নিয়োগ বিজ্ঞপ্তি আংশিক বা সম্পূর্ণ বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

  
 (জাকিয়া আখতার) ২৩/৮/২০২২  
 উপপরিচালক (বৈদেশিক সংগ্রহ)  
 উপকরণ ও সরবরাহ ইউনিট  
 পরিবার পরিকল্পনা অধিদপ্তর ও  
 সদস্য সচিব  
 নিয়োগ/বাছাই কমিটি